



কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি Cox's Bazar Palli Bidyut Samity

জেনারেল ম্যানেজারের কার্যালয়
ঝিলংজা, কক্সবাজার।

web: www.pbs.coxsbazar.gov.bd, e-mail: coxspbs@yahoo.com, Phone: 880-341-63997/64022

স্মারক নং-২৭.১২.২২২৪.৫১৫.০১.০৩৮.২২.

৪৭০২

তারিখ : ২৮ আশ্বিন, ১৪২৯ বাংলা
১৩ অক্টোবর, ২০২২খ্রিঃ

বিষয়: পোর্টেবল গ্রাউন্ডিং সেট ক্রয়ের নিমিত্তে রিকোয়েস্ট ফর কোটেশন (RFQ) পদ্ধতিতে দরপত্র আহ্বান প্রসঙ্গে।


কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় নিম্নের বর্ণনা অনুযায়ী অত্র পবিসের জন্য পোর্টেবল গ্রাউন্ডিং সেট ক্রয়ের নিমিত্তে বাংলাদেশী প্রকৃত প্রস্তুতকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে নিজস্ব লেটার হেড প্যাডে রিকোয়েস্ট ফর কোটেশন (RFQ) পদ্ধতিতে নিম্ন বর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক | মালামালের বিবরণ | পরিমাণ | দাখিলকৃত মূল্য | |
|--------|---|--------|----------------|-----------|
| | | | একক মূল্য | মোট মূল্য |
| ০১। | পোর্টেবল গ্রাউন্ডিং সেট (প্রতিটি পোর্টেবল গ্রাউন্ডিং আর্থ রড সেট এর সাথে ১৫ মিটার গ্রাউন্ডিং ক্যাবল এবং ক্ল্যাম্প থাকবে)। Product Name: 50 mm ² 75 kv Earth Set with clamp /Grounding Equipment Stick material fiberglass, earthing with metarial-copper wire | ০৮ সেট | | |
| | | | মোট | |
| কথায়: | | | | |

শর্তাবলী:-


- আগামী ২০/১০/২০২২খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১২:০০ ঘটিকার মধ্যে সীল মোহরকৃত খামে দরপত্র কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, সদর দপ্তর, ঝিলংজা, কক্সবাজার এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করা যাবে। দরপত্রসমূহ একই দিন বেলা ১২:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতা/প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না।
- বাগবিবো এবং যে কোন পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক কালো তালিকাভুক্ত কোন প্রতিষ্ঠানের দরপত্র দাখিল করার প্রয়োজন নেই। এমন প্রতিষ্ঠানের দরপত্র ননরেসপন্সিভ হিসেবে বিবেচনা করা হবে।
- মালামাল সরবরাহের পর পবিসের মালামালের গুনগত মান যাচাই করন কমিটি কর্তৃক গুনগত মান যাচাই করা হবে। সরবরাহকৃত মালামালের গুনগত মান স্পেসিফিকেশন ও নমুনা মোতাবেক না থাকলে কোনক্রমেই গ্রহণ করা হবে না।
- দরপত্র খামের উপর স্পষ্টাক্ষরে “পোর্টেবল গ্রাউন্ডিং সেট ক্রয়ের দরপত্র” কথাটি লিখে খাম সীলগালা যুক্ত করতে হবে।
- দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, ব্যাংক সলভেন্সী, অভিজ্ঞতা সনদ ও আয়কর সনদ এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- একক দর ও মোট দরের মধ্যে কোন গড় মিল থাকলে সে ক্ষেত্রে একক দর প্রাধান্য পাবে এবং মোট দরকে একক দর দ্বারা পরিবর্তন করে দরপত্র মূল্যায়ন করা হবে।
- উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা ও ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না। কোন প্রকার কারণ দর্শনো ব্যতিরেকে যে কোন/সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- সন্তোষজনক ভাবে মালামাল সরবরাহের পর বিল ও চালান দাখিল সাপেক্ষে অত্র সমিতি কর্তৃক একাউন্ট পে-চেক এর মাধ্যমে সরাসরি বিল পরিশোধ করা হবে এবং সরকারী নিয়ম অনুযায়ী মোট বিল হতে ভ্যাট ও অন্যান্য কর কর্তন করা হবে।

- ০৯। মালামাল সমূহ সম্পূর্ণ নিজ দায়িত্বে ও নিজ খরচে নিজস্ব পরিবহনের মাধ্যমে কক্সবাজার পবিসের সদর দপ্তরে পৌঁছানো সহ স্থাপন করে দিতে হবে।
- ১০। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে কার্যাদেশ পাওয়ার অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বর্ণিত স্পেসিফিকেশন মোতাবেক মালামাল সরবরাহ করতে হবে। অন্যথায় মালামাল গ্রহন করা হবে না। নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% এর অধিক হবে না।
- ১১। দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


 13.10.2022
 (মোঃ আক্তারুজ্জামান লস্কর)
 জেনারেল ম্যানেজার

অনুলিপি: (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (দরপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখে দরপত্র গ্রহনের সদয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো)।
- ০২। জেলা প্রশাসক, কক্সবাজার।
- ০৩। পুলিশ সুপার, কক্সবাজার।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪।
- ০৫। নির্বাহী প্রকৌঃ, এলজিইডি/সড়ক ও জনপদ কার্যালয়, কক্সবাজার।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, কক্সবাজার।
- ০৭। সিনিয়র সিস্টেম এনালিসিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবো এর ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ০৮। ডিজিএম, ঈদগাঁও জোনাল অফিস, কক্সবাজার পবিস।
- ০৯। সহকারী প্রকৌশলী, বাপবিবোর্ড, কক্সবাজার।
- ১০। এজিএম (ওএন্ডএম/অর্থ/প্রশাসন), কক্সবাজার পবিস।
- ১১। মেসার্স
- ১২। নোটিশ বোর্ড, কক্সবাজার পবিস/ওয়েব সাইট: www.pbs.coxsbazar.gov.bd
- ১৩। অফিস কপি/মাষ্টার ফাইল।


 13.10.2022
 জেনারেল ম্যানেজার